ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৯০৯

আগরতলা, ২৮ মে, ২০২৫

**রাজ্যে ৩১মে পর্যন্ত ভারী থেকে অতিভারী বৃষ্টিপাতের পূর্বাভাস ঃ সতর্ক থাকার পরামর্শ**

উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরে সৃষ্ট একটি সুস্পষ্ট নিম্নচাপের কারণে ভারতীয় আবহাওয়া দপ্তর (আইএমডি) রাজ্যে ২৮ মে থেকে ৩১মে পর্যন্ত ভারী থেকে অতিভারী বৃষ্টিপাতের পূর্বাভাস জারি করেছে। আইএমডি'র আগরতলা কেন্দ্র থেকে জারি করা বিশেষ আবহাওয়া বুলেটিনে বলা হয়েছে এই সময়ে ঘন্টায় সর্বোচ্চ ৬০ কিলোমিটার বেগে বিভিন্ন জায়গায় ঝড়ো ও দমকা হাওয়া বয়ে যেতে পারে। এই বুলেটিনে আজ এবং ৩০মে-র জন্য কমলা সতর্কতা ও ২৯ মে-র জন্য লাল সতর্কতা জারি করা হয়েছে। বুলেটিনে বলা হয়েছে উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপটি আগামী ২৪ ঘন্টায় গভীর নিম্নচাপে পরিণত হতে পারে। এর কারণে আজ এবং আগামীকাল সকাল ৮টা ৩০ মিনিট পর্যন্ত রাজ্যের সমস্ত জেলায় এক থেকে দুটি স্থানে ভারী থেকে অতিভারী বৃষ্টি হতে পারে। এই সময়ে বজ্র বিদ্যুৎ সহ ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। ২৯ এবং ৩০ মে সকাল ৮টা ৩০ মিনিট পর্যন্ত সময়ে পশ্চিম ত্রিপুরা ও খোয়াই জেলায় বিচ্ছিন্ন ভাবে অতিভারী বৃষ্টিপাত হতে পারে। বাকি জেলাগুলিতে ভারী থেকে অতিভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এই সময়ে ঘন্টায় ৬০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। ৩০ এবং ৩১ মে সকাল ৮টা ৩০ মিনিট পর্যন্ত সময়ে উত্তর ত্রিপুরা, ধলাই, সিপাহীজলা, গোমতী ও দক্ষিণ ত্রিপুরা জেলায় ভারী থেকে অতিভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এই সময়ে রাজ্যের বিভিন্ন অংশে বজ্র বিদ্যুৎ সহ ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে।

ভারী থেকে অতিভারী বর্ষণের যে প্রভাব জনজীবনে পরতে পারে তার উল্লেখ করে আইএমডি'র পক্ষ থেকে বলা হয়েছে নিচু এলাকা ও শহরে জলবদ্ধতা, দৃশ্যমানতা কমে যাওয়ায় এবং জলবদ্ধতার কারণে ট্রাফিক চলাচলে ব্যাঘাত ঘটতে পারে। এছাড়া কাঁচা ঘরবাড়ি, গাছপালা ও দুর্বল কাঠামো সমূহের ক্ষতি, হঠাৎ বন্যা বা পাহাড়ী এলাকায় ভূমিধ্বসের সম্ভাবনা, চাষাবাদ সব্জী ও বাগানের ফলের ক্ষতি এবং বিদ্যুৎ ও যোগাযোগ ব্যবস্থায় ব্যাঘাত ঘটতে পারে।

আবহাওয়ার এই পরিবর্তনের কারণে ভারতীয় আবহাওয়া দপ্তর (আইএমডি)-র পক্ষ থেকে বজ্রপাত ও ভারি বৃষ্টিপাতের সময় ঘরের ভেতর থাকার, জলাবদ্ধ ও ভূমিধ্বসপ্রবণ এলাকায় যাতায়াত এড়িয়ে চলা, মাছ ধরতে বা জলাশয়ের কাছে যাওয়া থেকে বিরত থাকা, কৃষকদের চাষের কাজ আপাতত স্থগিত রাখা এবং ফসল রক্ষার ব্যবস্থা নেওয়া, গাছের নিচে বা দুর্বল স্থানের কাছে আশ্রয় না নেওয়া, বৈদ্যুতিক যন্ত্রপাতির ব্যবহার বন্ধ রাখা এবং বৈদ্যুতিক বস্তু থেকে দূরে থাকা, ট্রাফিক ও আবহাওয়া বিভাগ কর্তৃক প্রদত্ত নির্দেশিকার অনুসরণ করা এবং জরুরী কিট প্রস্তুত রাখা ও ঘরের মূল্যবান জিনিস সুরক্ষিত রাখার পরামর্শ দেওয়া হয়েছে। আইএমডি'র পক্ষ থেকে সাধারণ মানুষকে আতঙ্কিত না হয়ে সরকারি আবহাওয়া বুলেটিন এবং নির্দেশনার প্রতি সতর্ক দৃষ্টি রাখার এবং প্রয়োজনে জেলা বা রাজ্য জরুরী পরিষেবা কেন্দ্রের (টোল ফ্রি নম্বর- ১০৭৭/১০৭০/১১২) সঙ্গে যোগাযোগ রাখার জন্য অনুরোধ করা হয়েছে। রাজস্ব দপ্তরের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে এই সতর্কবার্তা জারি করা হয়েছে।

******